দৈনিক
ইনকিলাব

তারিখ ... 04 SEP 2013 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪ ...

সোনাগাজীতে আরেক পরিমল

প্রধান শিক্ষকের বিরুদ্ধে দুই শিক্ষার্থীকে যৌন নিপীড়নের অভিযোগ

সোনাগাজী (ফেনী) সংবাদদাতা ঃ ঢাকার ভিকারুন্নেসা নূন স্কুল এন্ড কলেজের পাষণ্ড শিক্ষক পরিমল ধরের উত্তরসূরী হিসেবে সোনাগাজীতে নারায়ণ চন্দ্র রায় প্রকাশ টিপা নারায়ণ নামের এক নরপশু শিক্ষকের আবির্ভাব ঘটেছে। সোনাগাজী উপজেলার চরচান্দিয়া ইউনিয়নের মাদ্রির উত্তর লক্ষ্মী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দ্বিতীয় ও চতুর্থ শ্রেণির দুই ছাত্রীকে জোরপূর্বক যৌন নিপীড়নের অভিযোগ পাওয়া গেছে, সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, উক্ত স্কুলের অভিযুক্ত প্রধান শিক্ষক নারায়ণ চন্দ্র রায় স্কুলের দ্বিতীয় শ্রেণির ও চতুর্থ শ্রেণির জনৈক দুই শিক্ষার্থীর উপর স্কুলে যোগদানের পর থেকে প্রায় সময় যৌন নির্যাতন চালাতো। গত বুধবার, স্কুলের শিক্ষক ও অপরাপর শিক্ষার্থীদের হাতে তার মুখোশ উন্মোচিত হয়। এ নিয়ে চরচান্দিয়া ইউনিয়নের লক্ষ্মী পাড়া এলাকায় সর্বস্তরের জনসাধারণের মাঝে চরম ক্ষোভ ও উৎকণ্ঠা বিরাজ করছে। শিক্ষার্থীরা ভয়ে স্কুলে আসতে চাচ্ছে না। নাম প্রকাশে অনিচ্ছুক এক শিক্ষার্থী জানান, নারায়ণ চন্দ্র রায় প্রায় সময় স্কুলের বড় মেয়েদেরকেও উত্ত্যক্ত করে আসছে। স্কুলের এক অভিভাবক জানান, শিক্ষকদের দ্বারা যদি এমন অনৈতিক কর্মকাণ্ড ঘটে, তাহলে আমরা আমাদের ছেলে মেয়েদেরকে কোথায় লেখাপড়া করাবো। যৌন নিপীড়নের দায়ে অভিযুক্ত নারায়ণ চন্দ্র রায়ের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান তিনি। অভিযোগ রয়েছে ১৯৮৭ সালে প্রথম প্রাথমিক বিদ্যালয়ে নারায়ণ চন্দ্র রায় যোগদানের পর চরচান্দিয়া ইউনিয়নের সওদাগর হাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এক শিক্ষার্থীর সাথে অনৈতিক কাজে লিপ্ত থাকাবস্থায় ধরা পড়লে তাৎক্ষণিক এলাকাবাসী তাকে গণ ধোলাই দিয়ে স্কুল থেকে তাড়িয়ে দেয়। পরবর্তীতে নারায়ণ চন্দ্র রায়কে শাস্তিস্বরূপ পশ্চিম চরমরবেশ রাশেদিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বদলি করা হয়। ওই স্কুলেও তিনি একই কায়দায় একটি ছাত্রীর সাথে যৌন নির্যাতনের অভিযোগ ওঠলে তাৎক্ষণিক শিক্ষা অফিস তাকে চরতৈরব সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ডেপুটেশনে বদলি করে। এ স্কুলেও তার বিরুদ্ধে একই অভিযোগ ওঠে।